

## **া** পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ৮. বাইবেলের প্রাচীনতম গ্রিক পাণ্ডুলিপি

আমরা দেখেছি যে, হিব্রু ভাষায় রচিত পুরাতন নিয়মের প্রাচীনতম পূর্ণাঙ্গ পাণ্ডুলিপি ১০ম খ্রিষ্টীয় শতকের। পক্ষান্তরে গ্রিক ভাষায় রচিত নতুন ও পুরাতন নিয়মের পাণ্ডুলিপি অপেক্ষাকৃত অনেক প্রাচীন। নিম্নে আমরা বাইবেল গবেষকদের বর্ণনা অনুসারে বাইবেলের 'প্রাচীনতম' পাণ্ডুলিপিগুলোর বিবরণ প্রদান করছি। উল্লেখ্য যে, পাণ্ডুলিপিগুলো কার লেখা ও কবে লেখা তা পাণ্ডুলিপির কোথাও উল্লেখ নেই। হাতের লেখার পদ্ধতি, কাগজের ধরন ইত্যাদি বিবেচনা করে পাণ্ডুলিপির বয়স নির্ধারণ করা হয়েছে। আমরা এখানে খ্রিষ্টান ধর্মগুরুদের দাবি অনুসারে প্রাচীনতম বয়স উল্লেখ করব। তবে অনেক গবেষকের মতে এ সকল পাণ্ডুলিপি আরো অনেক পরে লেখা।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13878

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন